1939. B 1655 100 Rs.

INDIA NON JUDICIAL

१००रु. Rs 100

भारत

एक सौ रुपया ONE HUNDRED RUPEES

Exempted from perview of U.L. (C & R) Act as the property shown is agricultural land as per copy of Khatian shown (certificate from ...) Present Character (certified by ...)

A 39-50
N 40-10

Registrar of Alipore

8.480

বাস্তু বিক্রয় কোবালা দলিল

বহায় মূল্য ৪৫০০ টাকা

কোবালা গ্রহিতা	কোবালা দাতা
শ্রী বুধীন্দ্র নাথ রায়	শ্রীমতী কৃষ্ণা রায়
পিতা মৃত সুরেন্দ্র নাথ রায়	স্বামী শ্রীনরেন্দ্র নাথ রায়
জাতি হিন্দু, পেশা অবসরপ্রাপ্ত	জাতি হিন্দু, পেশা গৃহস্থালী
সরকারী কর্মচারী,	সাং ১১।১। বী এডালিয়া
সাং পূর্ব্বাচল, হাজরা,	প্লেস, ২০১ নং ফ্লাট, থানা
থানা কসবা, জিলা ২৪	বালীগঞ্জ, কলিকাতা ১৯
পরগণা, কলিকাতা ৭৮।	

কস্য সকল বাযুতি মোকরারী স্বত্বীয় শালিসমি ময় আকর

আওলাতাদি স্থাবর সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায়

বিক্রয়ের কোবালা দলিল মিদং কার্য্যক্ষেত্রে জিলা ২৪

পরগণা সবরেজেষ্ট্রী আলিপুর পরগণা কলিকাতা তৌজি নং

বিজ্ঞপ্তি

১৪৫, সাবেক থানা টালিগঞ্জ হাল থানা কসবা অধিন কসবা- ঢাকুরিয়া অঞ্চলান্তর্গত তে, এল নং ১৩ তৌ, সা, নং ২৩৩, মৌজা কসবা ডাকনাম পূর্ব্বাচল গ্রামে অশোক প্রপার্টিস লিমিটেড জমিদারী অধিন সাবেক ২০৬ নং খতিয়ান ভুক্ত ১০.২৯ শতক জমি আলিপুর ১ম মুনসেফী আদালতের ১৯৩৯।৬৬নং খাজনা জারী মোকর্দ্দমায় ১৫।৭।৪০ নিলামে জনৈক দীনেশচন্দ্র চৌধুরী খরিদ করেন। ১৭।৮।৪০তে নিলাম বহাল হইলে বয়নামা প্রাপ্ত হইয়া ২২।১২।৪০ তারিখে আদালতে যোগে জমির দখল গ্রহণকরতঃ খাসে ভোগদখল করিতে থাকেন। পরে উক্ত নিলাম রদের জন্য মোকর্দ্দমা দায়ের করিলে মহামান্য হাইকোর্ট কর্ত্তৃক ১৯৪২ সালের ১৭৮৩ও ১৭৮৪ নং সিভিল রুল মূলে চূড়ান্ত নিষ্পত্তি হয় এবং নিলাম বহাল থাকে। অতঃপর উক্ত দীনেশ চন্দ্র চৌধুরী নিলাম

৩।

দুই লক্ষ টাকা

খরিদ্দার বিভিন্ন লোকের নিকট বিভিন্ন জমি বিক্রয় করেন। আমি অত্র দলিল দাতা উক্ত জমি জমা মধ্যে ৪১৪৩ দাগের ·৪৬ শতক শালি জমি খরিদ করতঃ খাসে ভোগবতী দখলকারিণী আছি। উক্ত দলিল আলিপুর সব রেজেষ্ট্রী ১নং বহির ৪৭ ভলুমে ১৮ ৪ পৃষ্ঠায় ১৯৪৮ সালের ২০৭৩ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। হাল রিভিসন্যাল সেটেলমেন্ট ১৭৭৬ নং খতিয়ানে ৪১৪৩ নং দাগে ·৪৬ শতক শালি জমি ২৶৩০ পাই খাজনা ধার্য্য অত্র দলিল দাতার নামে রেকর্ড হইয়া চলানু প্রচারিত হইয়াছে।

অধুনা আমার নানাবিধ বৈধ কারণে নগদ অর্থের আবশ্যক হইলে আমার স্বামী মহাশয়ের সঙ্গে পরামর্শক্রমে উপরোক্ত জমির পূর্ব্বাংশ হইতে কমবেশ .১৮ শতক জমি বিক্রয়ের ঘোষণা করিলে আপনি উহা বেলমোক্তা ৪৫০০ চারি

3R$50P

INDIA

तीन रुपये पचास पैसे

सत्यमेव जयते

THREE RUPEES भारत FIFTY PAISE

চুক্তি-পত্র

হাজার পাঁচ শত টাকা মূল্যে খরিদের প্রস্তাব দিলে উক্ত মূল্য বর্ত্তমান বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য বিবেচনায় উক্ত মূল্যে আপনাকে বিক্রয় করিতে সম্মত হইয়া পণের সম্পূর্ণ টাকা অদ্য নগদ প্রাপ্ত হইয়া অত্র কোবালা সহি লিখিয়া এতদ্বারা স্বীকার অঙ্গিকার প্রকাশ ও প্রচার করিতেছি যে অত্র কোবালা দ্বারা বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব সাব্যস্ত দখল অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে রদ রহিত ও লুপ্ত হইয়া আপনাতে বর্ত্তাইল। আপনি বর্ত্তমান মালিক পশ্চিম বঙ্গ সরকার সেরেস্তায় আপনার নাম পত্তন পূর্ব্বক করাদি এবং লোকাল ট্যাক্সাদি আদায় দিয়া মালিকী স্বত্ব পরিচালনে চাষ আবাদে যদ্রচ্ছা সর্ব্ব প্রকার হস্তান্তর ও অবস্থান্তরের ক্ষমতা যুক্ত পুত্র পৌত্র, ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে ভোগদখল করিতে থাকুন

তাহাতে আমি কিম্বা আমার কোন ওয়ারিশান বা স্থলবর্ত্তীগণ কেহ কোনদিন দাবী দাওয়া করিতে পারিবে না করিলেও তাহা সর্ব্ব আদালতে ও সালিশীতে সর্ব্বত্র অচল বাতিল ও পণ্ড বলিয়া গণ্য হইবে ।

প্রকাশ থাকে যে অত্র কোবালা দ্বারা বিক্রীত সম্পত্তি ইতিপূর্ব্বে কাহারো নিকট দান বিক্রয় বা পত্তনাদির দ্বারা হস্তান্তর করি নাই কিম্বা কোনরূপ হস্তান্তরের চুক্তি করি নাই কিম্বা কোনরূপ হস্তান্তরের চুক্তি করি নাই । উহা কোন মামলা মোকর্দ্দমার বিষয় ভূত নহে । উহাতে বর্গাদার বা বা ভাগচাষী নাই । উহা কোন সরকার বা পাবলিক বডি কর্ত্তৃক একুইজিশন বা রিকুইজিশন হয় নাই বা তৎমর্ম্মে কোন নোটিশ পত্র পাই নাই । বিক্রীত জমি সম্পূর্ণ নির্দ্দায় নির্দ্দোষ ও মুক্তাবস্থায় বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । যদি ভবিষ্যতে উপরোক্ত উক্তি সমূহ বা তাহার অংশ অসত্য বা তঞ্চকতা পূর্ণ প্রকাশে আপনার স্বত্ব দখলের বিঘ্ন বা হানি হয় তবে দেশ প্রচলিত যাবতীয় আইনের আমলে আসিব ।

যদি ভবিষ্যতে অত্র দলিলের মুসাবিদায় তপশীল চৌহদ্দি বর্ণনে ভুলভ্রান্তি থাকা প্রকাশ পায় তবে আপনার অনুরোধে ও আপনার খরচে কোন পণ মূল্যের দাবী না করিয়া যে কোন সংশোধন নামা দলিল বা পরিপোষক দলিল সহি সম্পাদন ও

রেজেষ্ট্রী করিয়া দিতে স্বীকৃত রহিলাম । আপনি আমার জমির অংশিক খরিদার বিধায় আপনাকে বিক্রীত জমি সংক্রান্ত কোন দলিল পত্র দিতে পারিলাম না । যদি এই জমি সংক্রান্ত কোন মামলা মোকর্দমা উপলক্ষে আমার খরিদা দলিল প্রভৃতি দর্শাইবার আবশ্যক হয় তবে আপনার অনুরোধে ও আপনার খরচে যে কোন অফিস আদালতে আবশ্যকীয় কাগজ পত্র দর্শাইতে বা দাখিল করিতে স্বীকৃত রহিলাম ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে নিজ হিতার্থে ও স্বার্থে অত্র কোবালা লিখাইয়া পাঠ করিয়া ও করাইয়া দলিলের মর্ম্ম অবগত হইয়া এবং পণের সম্পূর্ণ টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া তাহার প্রাপ্তি স্বীকারে অত্র কোবালা দলিল সহি সম্পাদন করিলাম । ইতি তারিখ ইংরাজী সন ১৯৮০ সালের ৮ই এপ্রিল, বাংলা ১৩৮৬ সালের ২৫ শে চৈত্র ।

বিক্রীত সম্পত্তির তপশীলী পরিচয়

জিলা ২৪পরগণা সবরেজেষ্ট্রী আলিপুর পরগণা কলিকাতা তৌজি নং ১৪৫ সাবেক থানা টালিগঞ্জ হালথানা কসবা অধিন কসবা- ঢাকুরিয়া অঞ্চল অন্তর্গত মৌজা কসবা জেঃ এলাকা নং ১৩ রেঃসাঃ নং ২৩৩ ডাকনাম পূর্ব্বাচল গ্রামে সাবেক ২০৩নং খতিয়ান ভুক্ত হাল ১৭৭৬ নং খতিয়ানে লিখিত ৪১৪৩ দাগের .৪৬ শতক জমি মধ্যে পূর্ব্বাংশে কমবেশ

P 1655.

100 Rs.

LAND PLAN FOR C S/R S PLOT 4143 OF
MOUZA KASBA J. L NO 13 P S KASBA
DT 24 PARGANAS SCALE 30'=1"

NOTE:- 0·18 ACRES OF LAND PURCHASED BY
SRI RABINDRA N. ROY IS SHOWN IN RED.



As compiled
Pl. comm.
4/4/80

VENDOR